গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ৮(৮)মূসক নীতি ও বাজেট/২০০৮/৬৪১(১৫)

তারিখঃ ১৩ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ।
২৮ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর আলোকে ঔষধ বিক্রয়ে অনুসরণীয় প্রক্রিয়ার বিষয়ে স্পষ্টিকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। বাংলাদেশ ঔষধ শিল্প সমিতির ০৭ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের পত্র।
২। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ১৮/মূসক/২০১৯, তারিখ: ২৩ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঔষধ উৎপাদক প্রতিষ্ঠানগুলোর উৎপাদিত ঔষধের মূল্য ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হয় এবং উক্তরূপ নির্ধারিত সর্বোচ্চ খুচরা মূল্যের ভিত্তিতে ঔষধ বিক্রয় হয়। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ১৮/মূসক/২০১৯, তারিখ: ২৩ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ এর অনুচ্ছেদ-২ অনুযায়ী ঔষধের মূল্য নির্ধারণকালে উৎপাদন পর্যায়ের সংযোজনসহ ব্যবসায়ী পর্যায়ের সংযোজনও মূল্যের মধ্যে অন্তর্ভুক্ত করা হয় এবং সকল পর্যায়ে প্রদেয় সমুদয় মূসক উৎপাদন স্তরেই পরিশোধিত হয়। ঔষধ প্রশাসন অধিদপ্তরের নির্ধারিত মূল্যে "মূসক-৬.৩" চালান পত্রের মাধ্যমে উৎপাদনস্থল বা ফ্যাক্টরী হতে পণ্য সরবরাহের পর তৎপরবর্তী পর্যায়ে (যথা-ডিপো, বিক্রয় কেন্দ্র, পাইকারী বিক্রেতা, খুচরা বিক্রেতা) ঔষধের উপর করদায়িতা সৃষ্টি হবে না বিধায় একই ঔষধের জন্য পুনরায় সরবরাহ গ্রহীতার অনুকূলে মূসক-৬.৩ চালানপত্র জারি করাসহ অন্যান্য মূসক সংক্রান্ত হিসাবরক্ষণের বাধ্যবাধকতা প্রযোজ্য হবে না। উৎপাদক প্রতিষ্ঠান সমুদয় মূল্য সংযোজন কর পরিশোধ সাপেক্ষে উৎপাদন পর্যায় ব্যতীত অন্য যে কোন পর্যায়ের জন্য নিজস্ব পদ্ধতিতে হিসাবরক্ষণ ও পণ্যের বিপণন করতে পারবে। তবে, নিরীক্ষার প্রয়োজনে মূসক কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের নিজস্ব হিসাবসহ সকল হিসাব পরীক্ষা করতে পারবে। যেক্ষেত্রে ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক ঔষধ ব্যতীত অন্যকোন পণ্য সরবরাহ করা হয় সেক্ষেত্রে আইন অনুযায়ী প্রতিটি সরবরাহের বিপরীতে মূল্য সংযোজন কর চালানপত্র (মূসক-৬.৩) ইস্যু করতে হবে।

সংযুক্তিঃ ৩ (তিন) পাতা।

Rhasan
২৮/০৯/২০
[কাজী রেজাউল হাসান]
দ্বিতীয় সচিব (আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮
vatpolicy@gmail.com

প্রাপক: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১-১২। কমিশনার,
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/
ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ কুমিল্লা/ খুলনা/
রাজশাহী/ রংপুর/ যশোর/ সিলেট/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

১৩। মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা।

১৪। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

১৫। সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, Navana Osman@Link (level-4), 214/D Bir Uttam Mir Shawkat Avenue, Tejgaon-Gulshan Link Road, Dhaka-1208.

11/20/2019 3:38:28 PM

Attested
৪/৪/২৪
Dr. Md. Ali Jawed
MBBS. (Dhaka)

Incepta Pharmaceuticals Ltd.
Incepta
★ Dhaka ★

CamScanner

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[ভ্যাট বিভাগ]

সাধারণ আদেশ নং-১২/মূসক/২০২০

তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ।
১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ সাধারণ আদেশ নং- ১৮/মূসক/২০১৯, তারিখঃ ২৩ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ এর সংশোধন।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ০৮ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ২৩ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং- ১৮/মূসক/২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ২ এর উপ-অনুচ্ছেদ (গ) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (ঘ) সংযোজিত হইবে; যথা:-

(ঘ) ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ের সমুদয় মূল্য সংযোজন কর উৎপাদন পরবর্তী সরবরাহের সময় পরিশোধ করে বিধায় ডিপো/ওয়্যারহাউজ থেকে কোন প্রতিষ্ঠানের নিকট ঔষধ সরবরাহ করা হইলে সেক্ষেত্রে উৎসে মূসক কর্তন প্রযোজ্য হইবে না।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

১১/০৬/২০২০

(কাজী ফরিদ উদ্দীন)
প্রথম সচিব (মূসক নীতি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ২৩১
ই-মেইলঃ kazifarid75@yahoo.com

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

(তাঁহাকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করিবার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো)।

নথি নং- ৮(৮) মূসক নীতি ও বাজেট/২০০৮(অংশ-১)/২০৭

তারিখঃ ২৮ জুন, ২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
২-৫। সদস্য (শুল্ক নীতি)/ (মূসক নীতি)/ (মূসক বাস্তবায়ন)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬-১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
১৮-২৩। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি,কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।
২৪-২৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
২৮-২৯। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর / শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৩০। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যার্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
৩১। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

Attested
8/6/24

Dr. Md. Ali Jawed
MBBS. (Dhaka)

Incepta Pharmaceuticals Ltd.
Incepta
★ Dhaka ★